ডিসেম্বরজুড়ে রাজপথে থাকার ঘোষণা ইশরাকের



ইশরাক হোসেন। ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নাশকতা ও সন্ত্রাসী কর্মকাণ্ড মোকাবিলায় পুরো ডিসেম্বর রাজপথে থাকার ঘোষণা দিয়েছেন ঢাকা-৬ আসনের সংসদ সদস্য ইশরাক হোসেন। তিনি বলেন, বিজয়ের মাসে জনগণকে সঙ্গে নিয়ে রাজপথে সক্রিয় থাকবে বিএনপি। কোনো ধরনের অরাজকতা করতে দেওয়া হবে না।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) রাত ৯টার দিকে রাজধানীর গোপীবাগ থেকে ইশরাকের নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ৩৯ নম্বর ওয়ার্ডের বিভিন্ন সড়ক ও এলাকা ঘুরে শেষ হয়।

মিছিলের আগে বক্তব্যে ইশরাক বলেন, ডিসেম্বরকে সামনে রেখে শেখ হাসিনা ও তাঁর দলের নেতারা দেশে অস্থিতিশীলতা তৈরির চেষ্টা করছেন। বিভিন্ন স্থানে বাসে আগুন ও পটকা বিস্ফোরণের মাধ্যমে মানুষের মধ্যে আতঙ্ক ছড়ানোর চেষ্টা চলছে। এসব কর্মকাণ্ড কঠোরভাবে মোকাবিলা করা হবে।

তিনি আরও বলেন, গত সোমবার সরকারদলীয় সংসদীয় কমিটির বৈঠকে প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান সংসদ সদস্যদের নিজ নিজ এলাকায় সতর্ক ও সক্রিয় থাকার নির্দেশ দিয়েছেন। নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মকাণ্ডের বিরুদ্ধে জনগণকে সঙ্গে নিয়ে প্রতিরোধ গড়ে তোলার কথাও বলেছেন তিনি।

৭ নভেম্বরের র‍্যালির প্রসঙ্গ তুলে ইশরাক বলেন, তারেক রহমানের নেতৃত্বে ওই কর্মসূচিতে বিপুলসংখ্যক মানুষ অংশ নিয়ে রাজপথে নিজেদের অবস্থান জানান দিয়েছেন। ডিসেম্বর বিজয়ের মাস, তাই পুরো মাস রাজপথে থাকার প্রস্তুতি রয়েছে।